



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়  
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

Phone : 9553637  
e-mail: dgmpd1@krishibank.org.bd  
Website: www.krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি-১/২০(১)অংশ/সুদ মওকুফ/২০১৮-২০১৯/৩৪৯০

তারিখ : ২৩.১২.২০১৮ খ্রিঃ

সকল শাখা ব্যবস্থাপক  
বাংলাদেশ কৃষি ব্যাংক

**বিষয়ঃ ব্যাংকের কর্মচারী গৃহ নির্মাণ অগ্রিমের সুদ মওকুফের আবেদন প্রেরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে অত্র ব্যাংকের ১৪.১০.২০১০খ্রিঃ তারিখের প্রশাসন পরিপত্র নং-১২/২০১০ এর ১০(৮) নং অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উক্ত অনুচ্ছেদে কোন কর্মকর্তা/কর্মচারী চাকুরীরত এবং পিআরএল ভোগরত অবস্থায় মৃত্যুবরণ করলে এতদসংক্রান্ত নির্ধারিত তথ্যাদির ছক-১০ মোতাবেক মৃত কর্মকর্তা/কর্মচারীর উত্তরাধিকারীগণের আবেদনের প্রেক্ষিতে তার পারিবারিক অবস্থা পর্যালোচনা করে কেইসের মেরিট অনুযায়ী বিশেষ বিবেচনায় গৃহ নির্মাণ অগ্রিমের উপর আরোপিত সুদ মওকুফের প্রস্তাব ব্যাংকের পরিচালনা পর্ষদ বিবেচনা করতে পারবেন মর্মে উল্লেখ রয়েছে।

০৩। অধিকাংশ ক্ষেত্রে মৃত কর্মকর্তা/কর্মচারীদের গৃহ নির্মাণ অগ্রিমের সুদ মওকুফের প্রস্তাব সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর মৃত্যুর অনেক বিলম্বে প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়। এছাড়া সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর মৃত্যুর পরও সুদারোপ অব্যাহত রাখা হয়। ব্যাংকের পাওনা আদায়ে বিলম্বের কারণে ব্যাংকের আর্থিক ক্ষতি বৃদ্ধি পাচ্ছে। অধিকন্তু প্রাপ্ত আবেদনসমূহ কোন প্রকার যাচাই বাছাই ব্যতিরেকে দায়সারাভাবে তথ্য প্রদান করে প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়। ফলে সুদ মওকুফের প্রস্তাব বিবেচনার নিমিত্ত পরিচালনা পর্ষদে উপস্থাপনেও সময়ক্ষেপণ হয়।

০৪। এমতাবস্থায়, মৃত কর্মকর্তা/কর্মচারীদের গৃহ নির্মাণ অগ্রিমের সুদ মওকুফের প্রস্তাব প্রেরণের বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা জারী করা হলোঃ  
ক) সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর মৃত্যু পরবর্তী সর্বোচ্চ ০৩(তিন) মাসের মধ্যে প্রয়োজনীয় সকল তথ্যসহ সুদ মওকুফ প্রস্তাব প্রধান কার্যালয়ের হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১ এ প্রেরণ করতে হবে।

খ) কর্মকর্তা/কর্মচারীর মৃত্যুর তারিখ হতে গৃহ নির্মাণ অগ্রিম হিসাবে সুদারোপ স্থগিত রাখতে হবে।

গ) মৃত কর্মকর্তা/কর্মচারীর পরিবারের আর্থিক অস্বচ্ছলতার বিষয়টি সদ্যবহার কমিটি কর্তৃক যাচাই করতঃ এতদসংক্রান্ত সকল তথ্যাদিসহ গৃহ নির্মাণ অগ্রিমের সুদ মওকুফের সুস্পষ্ট সুপারিশসহ প্রস্তাব প্রেরণ করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(এম. এ. রউফ কুইয়া)  
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/এইচআরএমডি-১/২০(১)অংশ/সুদ মওকুফ/২০১৮-২০১৯/৩৪৯০(১২০০)

তারিখ : ২৩.১২.২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়।
- ৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
- ৭। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়।
- ৮। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, কর্পোরেট শাখা।
- ৯। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক কার্যালয়।
- ১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
- ১১। নথি/মহানথি।

(মোহাম্মদ সেলিম খান)  
সহকারী মহাব্যবস্থাপক